

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.wewb.gov.bd

স্মারক নম্বর-৪৯.০৪.০০০০.০০৪.৪৭৪১.২০০১-০৬

তারিখ: ২১ পৌষ ১৪২৮
০৬ জানুয়ারী ২০২২

অফিস আদেশ

আপনি জনাব মোঃ নজরুল ইসলাম ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে গাড়ী চালক পদে কর্মরত আছেন। আপনাকে মাইক্রোবাস, ঢাকামেট্রো-চ-৫১-৬০৪৭, স্টাফ লিফটিং, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় সংযুক্তিতে দায়িত্ব দেয়া হয়। আপনি দায়িত্ব পালনকালে প্রবাসী কল্যাণ ডেস্কের কর্মকর্তা ও কর্মচারীদের সাথে আক্রমণাত্মক ও ঔদ্ধর্তপূর্ণ আচরণ করেন। আপনি প্রায়শঃ ভালো গাড়ীকে নষ্ট করে নষ্ট হওয়ার অজুহাত দেখিয়ে পথিমধ্যে কর্মকর্তা ও কর্মচারীদের নামিয়ে দিয়েছেন এবং খারাপ আচরণও করেছেন। সে প্রেক্ষিতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সুনাম ও ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ন হয়েছে।

আপনার এহেন আচরণে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সুনাম ও ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ন হওয়ায় ও ভবিষ্যতে এহেন কার্যকলাপ এর পুনরাবৃত্তি হওয়ার সম্ভাবনা থাকায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (কর্মচারী) চাকুরি প্রবিধানধমালা, ২০২০ এর ৫৯ ধারা অনুযায়ী অদ্য ০২/০১/২০২২খ্রিঃ তারিখে আপনাকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

প্রচলিত বিধি মোতাবেক আপনি সাময়িক বরখাস্তকালীন খোরপোষ ভাতা (সাবসিসটেন্স এলাউন্স) প্রাপ্য হবেন।



(মোঃ হামিদুর রহমান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

☎ ০২-৪৮৩১৮২০৪ (অফিস)

✉ dg@wewb.gov.bd

জনাব মোঃ নজরুল ইসলাম
গাড়ী চালক
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (সকল)/ সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৫। প্রধান পরামর্শক (হিসাব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৭। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৮। ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপার, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা [ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ]।
- ৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১০। অফিস নথি/২০২১।